দৈনিক বাংলা

তারিখ ২৯.১০/৮১
পৃষ্ঠা ........ কলাম ........

348

037

# দুর্নীতি আর দলাদলির কবলে ৬০টি শিক্ষা প্রতিষ্ঠান

(নিজস্ব সংবাদদাতা)

চাঁপাইনওয়াবগঞ্জ ২৭শে অক্টোবর।—ব্যবস্থাপনায় দুর্নীতি, অর্থ আত্মসাৎ ও দলাদলির দরুন চাঁপাইনওয়াবগঞ্জ মহকুমার ৬০টি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ হওয়ার উপক্রম হয়েছে।

এসব শিক্ষা প্রতিষ্ঠানের মধ্য রয়েছে ৫টি বেসরকারী কলেজ, ৪২টি মাধ্যমিক স্কুল, ১৩টি মাদ্রাসা ও বেশ কিছু প্রাথমিক বিদ্যালয়। এসব প্রতিষ্ঠানের পরিচালনা কমিটিগুলো প্রায়ই অবৈধ হস্তক্ষেপ করে থাকে। ছাত্রদের নিজেদের গ্রুপে ব্যবহারের জন্য অবৈধ সুযোগ-সুবিধা প্রদান করে। শিক্ষকরা নিজেদের দায়িত্ব ও কর্তব্য পালন না করে দলাদলিতে লিপ্ত থাকে। এছাড়া রয়েছে অর্থ আত্মসাৎজনিত ঘটনা।

মোটা অংকের অর্থ আত্মসাতের অভিযোগে নবাবগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে। কৃষ্ণ গোবিন্দপুর কলেজের অধ্যক্ষের বিরুদ্ধেও একই অভিযোগে মামলা দায়ের হয়েছে। নাচোল কলেজ, কানসাট কলেজ ও শিবগঞ্জ মহিলা কলেজের অধ্যক্ষের বিরুদ্ধে অর্থ আত্মসাতের অভিযোগের তদন্ত চলছে। মাধ্যমিক স্কুলগুলোর বিরুদ্ধে কোর্টে ২শ ৭টি মামলা রয়েছে; তারমধ্যে অধিকাংশই অর্থ আত্মসাতজনিত। ভোলাহাট হাই-স্কুলের প্রধান শিক্ষক অর্থ আত্মসাতের অভিযোগে গেরেফতারী পরোয়ানা পেয়ে সম্প্রতি হার্টফেল করে মারা গেছেন।

মাদ্রাসাগুলোর অবস্থা আরো করুণ। সরকার নতুন করে মাদ্রাসা শিক্ষকদের যেসব সুযোগ-সুবিধা দিয়েছেন, বাস্তব ক্ষেত্রে তাদের বেশীর ভাগ তা পাচ্ছেন না। তবে হিসাবের খাতায় সবই ঠিক আছে। এমনকি এসব মাদ্রাসায় অধ্যক্ষের ইচ্ছেমত অডিট রিপোর্ট দেয়া হয়।

মফস্বল এলাকার প্রাথমিক বিদ্যালয়গুলোতে শিক্ষকের সংখ্যা বৃদ্ধি পেলেও শিক্ষার কোন উন্নতি হচ্ছে না। অনেক শিক্ষক মাসে একদিনও স্কুলে করেন না, কিন্তু নিয়মিত বেতন পাচ্ছেন।